# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২১০৩

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - ইতিকাফ

### আরবী

وَرَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَةْ عَنْ أَبِي بن كَعْب

### বাংলা

২১০৩-[৭] আবূ দাঊদ, ইবনু মাজাহ হাদীসটি উবাই ইবনু কা’ব (রাঃ) হতে বর্ণনা করেছেন।[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ২৪৬৩, ইবনু মাজাহ ১৭৭০, আহমাদ ২১২৭৭, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৮৫৬৪, সহীহ ইবনু হিব্বান ৩৬৬৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উবাই বিন কা‘ব (রাঃ) হতে বর্ণিত রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমাযানের শেষ দশকে ইতিকাফ করতেন। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কোন এক বছরে সফর করলেন বিধায় ইতিকাফ করতে পারলেন না। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আগামী বছরে ২০ দিন ইতিকাফ করলেন। ‘আল্লামা খাত্ত্বাবী (রহঃ) বলেন, নিশ্চয়ই নফল ‘ইবাদাত যখন ছুটে যাবে তখন তা কাযা আদায় করতে হবে। যেমনিভাবে ফরযের কাযা আদায় করতে হয় এবং এ দৃষ্টিকোণ থেকেই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘আসরের সালাতের পর সে দুই রাক্‘আত সালাত (যুহরের পরের ২ রাক্‘আত) আদায় করলেন, যা থেকে তিনি প্রতিনিধি দলের আগমনের কারণে ব্যস্ত ছিলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56663

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন